



## বিআইডব্লিউটিএ

বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি নং-০৩/২০১৮

তারিখঃ ০৮/০৮/২০১৮

ইং।

এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল-চাঁদপুর নৌ-পথের মিয়ানচর এলাকায় স্থাপিত লাইটেড বয়ার পশ্চিম পাশে মূল নৌ-পথে গত ০৬/০৮/১৮ইং “এমভি মাহমুদা” নামক একটি বালুবাহী বাস্কেহেড ডুবে যায়। ডুবে যাওয়া নৌ-যানের স্থানে একটি স্ফেরিক্যাল রেক বয়া স্থাপন করা হয়েছিল। কিন্তু গত ০৭/০৮/১৮ইং তারিখে প্রবল শ্রোতের টানে উক্ত স্ফেরিক্যাল রেক বয়াটি ২০০/৩০০ ফুট ডাউনে চলে যায়। উক্ত কারণে নিমজ্জিত বাস্কেহেডটিরও কোন সন্ধান পাওয়া যাচ্ছে না। এ কারণে বরিশাল-চাঁদপুর (ভায়া মিয়ানচর) নৌ-পথটি বুকিপূর্ণ অবস্থায় রয়েছে। রেক বয়াটি পুনঃস্থাপনের লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক নিমজ্জিত বাস্কেহেডটি (এমভি মাহমুদা) সন্ধানের জন্য ব্যাপক অনুসন্ধান চালানো হচ্ছে।

এমতাবস্থায় নৌ-দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উক্ত নৌ-পথে চলাচলকারী সকল নৌ-যানকে বিকল্প নৌ-পথ অর্থাৎ বরিশাল-কালিগঞ্জ-চাঁদপুর ব্যবহার করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

- \* নিরাপদে গন্তব্যে পৌঁছার জন্য বিআইডব্লিউটিএ'র পাইলট নিয়ে চলাচল করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।
- \* দক্ষ/অভিজ্ঞ সনদধারী মাষ্টার দ্বারা নৌ-যান পরিচালনা করুন।
- \* পথিমধ্যে কাল বৈশাখী/স্থানীয় ঝড়ের আশংকা থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে অপেক্ষা করুন।
- \* রাতের বেলায় বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।

পরিচালক

নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ

বানৌপ-কর্তৃপক্ষ, ঢাকা।